

কটন ক্লোথিং (বিডি) লিঃ	পলিসির নাম : সংগঠনের স্বাধীনতার নীতিমালা
	কার্যকর তারিখ : ০১/০১/২০১০
	নবায়নের তারিখ : ০১/০৬/২০১৬
এই পলিসি কার্যকর করার দায়িত্বশীল ব্যক্তি	পরিচালক, উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান, এইচ আর, এডমিন এন্ডকমপ্লায়েন্স, , ব্যবস্থাপক (প্রশাসন) প্রশাসনিক এবং ওয়েল ফেয়ার অফিসার ।

সংগঠন করার স্বাধীনতার/যৌথ দরকষাকষির স্বাধীনতা (FREEDOM OF ASSOCIATION)/CBA

কটন ক্লোথিং (বিডি) লিমিটেড এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তার সকল কর্মচারী/শ্রমিকদের জন্য যৌথ দরকষাকষি/সংগঠন করার স্বাধীনতা (Freedom of Association/CBA) প্রণয়ন করেছেন। এই নীতিমালা নিম্নলিখিতভাবে প্রযোজ্য হবে।

প্রতিশ্রুতি: কটন ক্লোথিং (বিডি) লি: প্রত্যেক শ্রমিক কর্মচারীর আইনসম্মত অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে শান্তিপূর্ণ ভাবে সংগঠন করা যেমন: কমিটি, সমিতি, সভা ইত্যাদির ক্ষেত্রে স্বাধীনতা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ।

প্রসঙ্গ: বাংলাদেশ শ্রম আইন ২০০৬, বাংলাদেশ শ্রমবিধিমালা ২০১৫, আন্তর্জাতিক শ্রম আইন, আই এল ও (ওখঙ) কনভেনশনের ৮৭, ৯২ ও ১৩৫ এরবিধি অনুসারে অত্র প্রতিষ্ঠানে শ্রমিকদের সমিতির স্বাধীনতা ও যৌথদরকষাকষি অধিকার প্রতিষ্ঠায় কটন ক্লোথিং (বিডি) লি: বদ্ধপরিকর।

উদ্দেশ্য ও লক্ষ্য: কটন ক্লোথিং (বিডি) লি: এর লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে এই পদ্ধতি বাস্তবায়নের মাধ্যমে শ্রমিকদের আইনানুগ সকল অধিকার প্রতিষ্ঠিত করা।

পরিধি: এই নীতিমালা কটন ক্লোথিং (বিডি) লি: এর সকল শ্রমিক, কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য।

- ১। ২০০৬ এর শ্রম আইন মোতাবেক প্রত্যেক শ্রমিক / কর্মচারী আইন সংগত ও শান্তিপূর্ণ ভাবে সংগঠন করার স্বাধীনতা প্রদান করে।
 - ক। ভেদাভেদ নির্বিশেষে নিজেদের পছন্দ মত সমিতি গঠনের এবং সমিতিতে যোগদানের অধিকার সকল শ্রমিকদের আছে। ট্রেড ইউনিয়ন, যৌথদরকষাকষি ও অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট কমিটি , সভা সমিতিতে যোগদানের অধিকার শ্রমিকদের রয়েছে।
 - খ। ট্রেড ইউনিয়ন সমূহের এবং মালিকদের সমিতি সমূহের নিজস্ব সংবিধান ও বিধিমালা প্রনয়নের সম্পূর্ণ স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধিদের নির্বাচনের, সমিতি প্রশাসন ও কর্মতৎপরতা, সংগঠনের এবং কর্মসূচী প্রনয়নের অধিকার থাকবে।
 - গ। শ্রমিকদের ও মালিকদের সমিতি সমূহের ফেডারেল বা কনফেডারেশন সমূহের মালিক বা শ্রমিকদের আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও কনফেডারেশনের সাথে সমিতিভুক্ত হওয়ার অধিকার থাকবে।


- ২। সমিতি গঠনের অধিকার এর মধ্যে আইনসংগত উদ্দেশ্যে শ্রমিকগন কর্তৃক ট্রেড ইউনিয়ন গঠন করাও অন্তর্ভুক্ত। যে প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠান সমূহ ট্রেড ইউনিয়ন গঠন করবে সেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মোট শতকরা ৩০ ভাগ সদস্য ভুক্ত না হলে শ্রমিকের কোন ট্রেড ইউনিয়ন এ অধ্যাদেশ মোতাবেক রেজিস্ট্রেশন পাওয়ার অধিকারী হবে না।
- ৩। এ অধ্যাদেশ অনুসারে ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রি করার জন্য আবেদন করতে পারবে।
- ৪। ট্রেড ইউনিয়নের কাজ হবে তার সদস্যদের স্বার্থ উন্নয়ন করা এবং এ লক্ষ্য অর্জনে মালিকের সঙ্গে আলাপ আলোচনার মাধ্যমে সঠিক সিদ্ধান্তে উপনিত হওয়া।

শ্রমিক প্রতিনিধি দল কারখানার শ্রমিকদের চিন্তা চেতনা, যৌক্তিক চাহিদা/দাবি, নিরাপত্তা, মতামত, পরামর্শ, অনুরোধ কারখানার মালিক বা মালিক পক্ষের নিকট উত্থাপন এবং সমাধান করার পূর্ণ স্বাধীনতা প্রদান করা হয়েছে। তাছাড়াও কটন ক্লোথিং বিডি লি: এর শ্রমিকদের চিন্তা চেতনা, যৌক্তিক চাহিদা/দাবি, নিরাপত্তা, মতামত, পরামর্শ, অনুরোধ এবং শ্রম সংশ্লিষ্ট বিষয় সমূহ নিয়ে স্থানীয় ও জেলা পর্যায়ের ট্রেড ইউনিয়নের সাথে যোগাযোগ করে থাকে এবং শ্রমিক সংঘকে যোগাযোগ করার জন্য উতসাহ প্রদান করে থাকে।

শ্রমিক প্রতিনিধি দলকে সমৃদ্ধির/স্বাধীন ভাবে চলার জন্য কারখানার ব্যবস্থাপকদের শ্রমিক সংঘের অর্থ বা উদ্দেশ্য সম্পর্কে নিয়োগিত অভ্যন্তরীণ ও বাহ্যিক প্রশিক্ষণ গ্রহন করানোর ব্যবস্থা করা হয়। যে কোন ধরনের অভিযোগ মিমাংসা/নিষ্পত্তি করার ক্ষেত্রে শ্রমিক প্রতিনিধি ও মালিক প্রতিনিধি যৌথভাবে ভূমিকা পালন করে থাকে। শ্রমিকগন শ্রমিক প্রতিনিধিগনের কাছে যে কোন অভিযোগ করার জন্য নিয়োগিত উতসাহ প্রদান করে থাকে তাছাড়াও অভিযোগ বাক্স, হট লাইন, শ্রমিকদের উপস্থ যে কোন কর্মকর্তা, প্রশাসন বিভাগ, কল্যান কর্মকর্তার কাছে লিখিত ও মৌখিক ভাবে অভিযোগ করার স্বাধীনতা রয়েছে।

কটন ক্লোথিং বিডি লি: শ্রমিক সংঘের দায়িত্ব ও কর্তব্য পালনের জন্য যতটুকু সময় ব্যয় করা হয় তার পুরো সময় কর্মঘন্টার মধ্যে অন্তর্ভুক্ত করে থাকে। শ্রমিক সংঘ নিয়োগিত ভাবে এবং জরুরী ভিত্তিতে যে কোন মিটিং আহবান করতে পারে যেখানে বিভিন্ন বিষয় (পরিবেশগত দিক, শ্রমিক কল্যান,সাস্থ্য ও নিরাপত্তা, শ্রমিকদের অভিযোগ/অনুযোগ, বেতন মজুরী ও অন্যান্য সুবিধাসমূহ,) নিয়ে আলোচনার পাশাপাশি মালিক বা মালিক পক্ষের সাথে কর্মঘন্টা তালিকা, বিরতি, ছুটি, ছুটির দিন, অবকাশ টাইম, উতসব ছুটি এবং শ্রমিক ও কারখানার স্বার্থসংশ্লিষ্ট বিষয়সূহ নিয়ে আলোচনা করতে পারে। তাছাড়াও ক্রেতা বা ক্রেতা পক্ষ থেকে যাহার কারখানাতে অডিট বা ভিজিটে আসেন তাদের সাথে ওপেনিং এবং ক্লোজিং মিটিং এ এইচ আর এডমিন এন্ড কম্প্লায়েন্সের সাথে শ্রমিক প্রতিনিধিগন উপস্থিত থাকেন এবং অডিটের নন কম্প্লায়েন্স ইস্যু সমূহ এর সমাধান নিয়ে আলোচনা করা হয়। কারখানার পলিসি তৈরিতেও তাদের ভূমিকা থাকে।

দায়িত্বপূর্ণ ব্যক্তিগন: নিম্নোক্ত টিম দায়িত্বপূর্ণ ব্যক্তি হিসেবে নিযুক্ত থাকবেন যাহারা নিশ্চিত ও বাস্তবায়ন করবেন যাতে করে কারখানাতে শ্রমিক সংঘকে বা তাদের দায়িত্ব ও কর্তব্য কাজে কোন বাধা সৃষ্টি না করে।



তাছাড়াও প্রত্যেক মাসে উপরিউক্ত পদ্ধতি বাস্তবায়ন হচ্ছে কি না তা যাচাই/পরীক্ষা করা, মনিটরিং করা এবং নিয়ন্ত্রন করার জন্য উপরোক্ত টিম দায়িত্ব পালন করে থাকেন।